গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি কর্তৃক বাস্তবায়নাধীন খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৩ মার্চ ২০২৩ |
| সময় | : | দুপুর ১২.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও জুম প্ল্যাটফর্ম(হাইব্রিড পদ্ধতিতে) |
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব(পরিকল্পনা-১) সভার কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি কর্তৃক বাস্তবায়নাধীন 'খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ প্রকল্পটি ৪৮৭৮.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২০ থেকে জুন ২০২২ পর্যন্ত মূল মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত না হওয়ায় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), কতিপয় শর্ত সাপেক্ষে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে পুনরায় 'জুলাই ২০২০ থেকে জুন ২০২৪' পর্যন্ত মেয়াদে বৃদ্ধি করে। প্রকল্পটির সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে, খাগড়াছড়ি জেলার ৬৫টি বাজারে ৬৫টি মিনি ওয়াটার সাপ্লাই ব্যবস্থা স্থাপনের মাধ্যমে ৬৫টি বাজারে পানি সরবরাহ ব্যবস্থা করা, ৭৭০ টি গভীর ডিএসপি নলকূপ স্থাপনের মাধ্যমে ৬৫টি বাজারের পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা এবং ৬৫ টি পাবলিক টয়লেট স্থাপনের মাধ্যমে জনসাধারনের স্যানিটেশন ব্যবস্থা করার মাধ্যমে জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়নের লক্ষ্য মাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।

০২। প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য একটি ওয়ার্ক প্ল্যান তৈরি করা হয়েছে। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে এডিপিতে ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত ৫০২.৪৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা চলতি অর্থবছরের মোট বরাদ্দের ৩৩.৪৯ শতাংশ। প্রকল্পের শুরু হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৪.৮৭% এবং বাস্তব অগ্রগতি ৪৬.৪০%।

০৩। সভার এ পর্যায়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি বিভাগের নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, গত অর্থবছরে মোট ১০(দশ)টি টেন্ডার আহ্বান করা হয়েছে। বরাদ্দ অনুযায়ী ঠিকাদারদের পেমেন্ট করা হচ্ছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিলম্বের কারণে জুলাই-ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ে প্রকল্পের আশানুরুপ কাজ সম্পাদন করা সম্ভব হয়নি। জানুয়ারি-জুন, ২০২৩ মাসের কাজের জন্য ইতোমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে যার মাধ্যমে চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা সম্ভব হবে। বাকি কার্যক্রম প্রণীত ওয়ার্ক প্ল্যান অনুযায়ী করা সম্ভব বলেও তিনি সভায় জানান।

০৪। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ(আইএমইডি) এর সিনিয়র সহকারী প্রধান জনাব নজরুল ইসলাম সভায় প্রকল্প বাস্তবায়নের স্থান নির্ধারণ বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, উক্ত প্রকল্প বাস্তবায়নের বাজারসমূহ নির্ধারিত, কিন্তু প্রকল্পের স্থান নির্ধারণ হয়নি। স্থানীয় প্রতিনিধি ও বাজার কমিটির সাথে আলোচনা করেই স্থান নির্ধারণ করা হবে।

০৫। সভাপতি মহোদয়, ৬৫টি বাজারে কার্যক্রম সম্পাদনের জন্য একটি করে মিনি প্ল্যান তৈরি করার নির্দেশনাসহ প্রতিটি বাজারে প্রকল্পের স্থান আলাদা আলাদাভাবে চিহ্নিত করতে হবে। এছাড়া বিতরণযোগ্য/স্থাপিত যন্ত্রপাতির বিস্তারিত স্পেসিফিকেশন

চলমান পাতা-০২

উল্লেখ করার নির্দেশনা দেন। একই স্থানে ০৬(ছয়)টি টয়লেট নির্মাণ না করে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এক এক স্থানে ২/৩টি করে আলাদা আলাদা টয়লেট নির্মাণ করার বিষয়ে দিক নির্দেশনা দেন। সার্বিক পর্যালোচনান্তে সভাপতি মহোদয় কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কাজ সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন।

৬। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) প্রকল্পের ডিপিপি অনুযায়ী ৬৫টি বাজারে কার্যক্রম সম্পাদনের জন্য ৬৫টি মিনি প্ল্যান তৈরি করা এবং স্থান আলাদা আলাদাভাবে চিহ্নিত করতে হবে;

খ) প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে;

গ) আগামী অর্থবছরের শুরুতেই প্রকল্পের বরাদ্দকৃত অর্থ ছাড়করণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;

ঘ) প্রকল্পের অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে;

ঙ) ডিপিপিতে উল্লিখিত একই স্থানে ০৬(ছয়)টি টয়লেট নির্মাণ না করে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এক এক স্থানে ২/৩টি করে আলাদা আলাদা টয়লেট নির্মাণ করা যেতে পারে; এবং

চ) বিতরণকৃত/স্থাপিত যন্ত্রপাতির বিস্তারিত স্পেসিফিকেশন উল্লেখ করতে হবে।

৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮/০৩/২০২৩
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব

স্মারক নং-২৯.০০.০০০০.২২৬.১৪.৯৭৯.২২- ১৪ তারিখ: ২৮ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৫। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। প্রধান, কার্যক্রম বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৭। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৮। যুগ্ম সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) , অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর দপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
১০। যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
১২) নির্বাহী কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা
১৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

28/3/2023
(কাজী মোহাম্মদ চাহেল তস্তরী)
উপসচিব
ফোনঃ +৮৮০২৫৫১০১০০৭
e-mail : mochta.planning1@gmail.com